# বাংলাদেশ সেনাবাহিনীতে অফিসার ক্যাডেট হিসেবে যোগ দিন

## ৯৬তম বিএমএ দীর্ঘমেয়াদী কোর্স

সমরে আমরা, শান্তিতে আমরা, সর্বত্র আমরা দেশের তরে




**যোগ্যতা ঃ**

১। **বয়স**। **০১ জুলাই ২০২৬** তারিখে ১৬½ হতে ২১ বছর (এফিডেভিট গ্রহণযোগ্য নয়)। সশস্ত্র বাহিনীতে কর্মরত প্রার্থীদের জন্য ১৮-২৩ বছর।

২। শারীরিক যোগ্যতা (ন্যূনতম)।

| ক্রমিক | শারীরিক যোগ্যতা | পুরুষ প্রার্থীদের জন্য | মহিলা প্রার্থীদের জন্য |
|---|---|---|---|
| ক। | উচ্চতা | ১.৬৩ মিটার (৫ ফুট ৪ ইঞ্চি) | ১.৫৫ মিটার (৫ ফুট ১ ইঞ্চি) |
| খ। | ওজন* | ৫৪.০০ কিলোগ্রাম (১২০ পাউন্ড) | ৪৬.০০ কিলোগ্রাম (১০০ পাউন্ড) |
| গ। | বুক | স্বাভাবিক - ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি)<br>প্রসারণ - ০.৮১ মিটার (৩২ ইঞ্চি) | স্বাভাবিক- ০.৭১ মিটার (২৮ ইঞ্চি)<br>প্রসারণ - ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি) |
| * উচ্চতা ও বয়স অনুসারে সশস্ত্র বাহিনীর জন্য নির্ধারিত স্কেলের অতিরিক্ত ওজন হলে অযোগ্য বিবেচিত হবে | | | |

৩। **শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)**।

ক। **জাতীয় মাধ্যম**। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমান পরীক্ষায় যে কোন একটিতে জিপিএ-৫.০০ ও অন্যটিতে ন্যূনতম জিপিএ-৪.৫০ পেয়ে উত্তীর্ণ।

খ। **ইংরেজী মাধ্যম**। 'ও' লেভেলে ৬টি বিষয়ের মধ্যে ন্যূনতম ৩টিতে 'এ' গ্রেড ও ৩টিতে 'বি' গ্রেড এবং 'এ' লেভেলে ২টি বিষয়েই ন্যূনতম 'বি' গ্রেড পেয়ে উত্তীর্ণ।

**অথবা**

'ও' লেভেলে ৬টি বিষয়ের মধ্যে ন্যূনতম ২টিতে 'এ' গ্রেড, ৩টিতে 'বি' গ্রেড ও ১টিতে 'সি' গ্রেড এবং 'এ' লেভেলে ২টি বিষয়ের মধ্যে ১টিতে 'এ' গ্রেড ও ১টিতে 'বি' গ্রেড পেয়ে উত্তীর্ণ।

গ। ২০২৫ সালের এইচএসসি/ 'এ' লেভেল পরীক্ষার্থীগণ আবেদন করতে পারবেন। এক্ষেত্রে প্রার্থীদের অবশ্যই এসএসসি পরীক্ষায় জিপিএ-৫.০০ এবং 'ও' লেভেল পরীক্ষায় ৬টি বিষয়ের মধ্যে ন্যূনতম ৩টিতে 'এ' গ্রেড ও ৩টিতে 'বি' গ্রেড/সমমান ফলাফল থাকতে হবে।

৪। **বৈবাহিক অবস্থা**। অবিবাহিত।

৫। **জাতীয়তা**। **জন্মসূত্রে বাংলাদেশী নাগরিক।**

**অযোগ্যতা ঃ**

৬। সেনা/নৌ/বিমান বাহিনী অথবা যে কোন সরকারী চাকরি হতে বরখাস্ত/অপসারিত/স্বেচ্ছায় পদত্যাগ গ্রহণ।

৭। আইএসএসবি (ISSB) পরীক্ষায় দু'বার স্ক্রীন্ড আউট অথবা দু'বার প্রত্যাখ্যাত (একবার স্ক্রিন্ড আউট এবং একবার প্রত্যাখ্যাত প্রার্থীরা আবেদন করতে পারবেন)।

৮। যে কোন ফৌজদারী অপরাধের জন্য আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত।

৯। সেনা, নৌ ও বিমান বাহিনীর আপিল মেডিক্যাল বোর্ড কর্তৃক অযোগ্য বিবেচিত।

১০। প্রতিটি চোখের দৃষ্টিক্ষীনতা ও দূরদৃষ্টি ২.৫ ডাইঅপ্টার এর বেশি এবং বিষমদৃষ্টি ১.০ ডাইঅপ্টার এর বেশি।

১১। প্রার্থীর বয়স **১৮ বছর** হওয়ার পূর্বে ল্যাসিক (LASIK) অপারেশন গ্রহণযোগ্য নয়। ল্যাসিক অপারেশনের তারিখ হতে চোখ পরীক্ষার তারিখের মধ্যে ন্যূনতম **৩ (তিন) মাস** অতিবাহিত হতে হবে।

১২। দ্বৈত নাগরিকত্ব অথবা বাংলাদেশ ব্যতীত অন্য কোন দেশে স্থায়ীভাবে বসবাসের অনুমতি থাকলে।

১৩। ভর্তি প্রক্রিয়ার যে কোন পর্যায়ে ভুল বা মিথ্যা তথ্য প্রদান করা হলে প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**অনলাইনে আবেদনের পদ্ধতি ঃ**

১৪। **২৯ জুলাই ২০২৫ হতে ১৮ অক্টোবর ২০২৫** তারিখ পর্যন্ত শুধুমাত্র অনলাইনে আবেদন করা যাবে।

১৫। আবেদনকারী প্রার্থীগণকে https://join.army.mil.bd ওয়েবসাইটে প্রবেশ করে Home Page এর উপরে ডান পার্শ্বে APPLY NOW তে ক্লিক করে বর্ণিত কোর্সে APPLY করতে হবে।

১৬। আবেদনকারী প্রার্থীগণকে টেলিটক, VISA/Master Card, TAP, Bkash, Nagad, Rocket ইত্যাদির মাধ্যমে ১,০০০ (এক হাজার) টাকা আবেদন ফি এবং ১,০০০ (এক হাজার) টাকা অনলাইন রেজিস্ট্রেশন ফি বাবদ সর্বমোট ২,০০০ (দুই হাজার) টাকা (অফেরৎযোগ্য) প্রদান করতে হবে। আবেদন প্রক্রিয়াতেই ওয়েব সাইটে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে আবেদন ফি ও অনলাইন রেজিস্ট্রেশন ফি প্রদান করা যায় এবং তাৎক্ষণিকভাবে প্রাথমিক সাক্ষাৎকারের কল-আপ লেটার পাওয়া যায়।

১৭। অনলাইনে আবেদন করতে যে কোন প্রকার অসুবিধা হলে ওয়েবসাইটে দেখানো সাপোর্ট নম্বরে (+৮৮০১৭১৩১৬১৯৭৯) এবং ই-মেইলঃ joinarmy.helpdesk@gmail.com এ যোগাযোগ করা যাবে।

**নির্বাচন পদ্ধতি ঃ**

১৮। **প্রাথমিক নির্বাচনী (স্বাস্থ্য ও মৌখিক)**। প্রাথমিক নির্বাচনী (স্বাস্থ্য ও মৌখিক) পরীক্ষা আগামী **২৬ অক্টোবর ২০২৫ হতে ১০ নভেম্বর ২০২৫** তারিখ পর্যন্ত বিভিন্ন সেনানিবাসে অনুষ্ঠিত হবে। প্রার্থী নির্ধারিত দিনে উপস্থিত হতে অপারগ হলে, পরীক্ষার দিনের পূর্বেই সরাসরি নিজ কেন্দ্রে যোগাযোগ পূর্বক পরবর্তীতে নির্ধারিত দিনে উপস্থিত হয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

১৯। **লিখিত পরীক্ষা**। প্রাথমিক নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের আগামী **১৪ নভেম্বর ২০২৫ (শুক্রবার) তারিখ সকাল ০৯০০ ঘটিকায়** বাংলা, ইংরেজী, সাধারণ গণিত এবং সাধারণ জ্ঞান বিষয়ে সাক্ষাৎকার পত্রে উল্লেখিত স্থানে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষার ফলাফল **ডিসেম্বর ২০২৫ মাসের ১ম সপ্তাহে** https://join.army.mil.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

২০। **আন্তঃ বাহিনী নির্বাচন পর্ষদ (ISSB) পরীক্ষা**। লিখিত পরীক্ষায় যোগ্য প্রার্থীদের ঢাকা সেনানিবাসে অবস্থিত আইএসএসবি এর নিকট পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য নির্ধারিত তারিখে উপস্থিত হতে হবে। পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ আইএসএসবি'র ওয়েবসাইট www.issb-bd.org এ প্রকাশ করা হবে। এই পরীক্ষা চার দিনে সম্পন্ন হবে এবং পরীক্ষা চলাকালীন যাবতীয় ব্যয় কর্তৃপক্ষ কর্তৃক বহন করা হবে।

২১। **চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা**। আইএসএসবি পরীক্ষার পর প্রার্থীদেরকে চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

২২। **চূড়ান্ত নির্বাচন এবং যোগদানপত্র প্রদান**। সকল পরীক্ষায় সুপারিশ প্রাপ্তি সাপেক্ষে প্রার্থীদেরকে সেনাবাহিনী সদর দপ্তর, এ্যাডজুটেন্ট জেনারেল শাখা, পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচন করা হবে। এছাড়াও, চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের যোগদানপত্র প্রদান করা হবে।

**বিএমএ প্রশিক্ষণ ঃ**

২৩। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীগণ বিএমএ'তে ৩ (তিন) বৎসরের প্রশিক্ষণ গ্রহণ করবেন এবং প্রশিক্ষণ সমাপনান্তে **'লেফটেন্যান্ট'** পদে কমিশন লাভ করবেন।

**প্রাপ্ত সুযোগ সুবিধা ঃ**

২৪। **বেতন/ভাতা**। সরকার কর্তৃক নির্ধারিত সশস্ত্র বাহিনীর বেতনক্রম অনুযায়ী অফিসার ক্যাডেটগণ বেতন প্রাপ্ত হবেন। পরবর্তীতে কমিশন্ড অফিসার হিসেবে প্রযোজ্য বেতন ভাতা ও অন্যান্য আনুষঙ্গিক সুবিধা প্রাপ্ত হবেন।

২৫। **অন্যান্য বিশেষত্ব ঃ**

ক। **বিদেশে প্রশিক্ষণ**। প্রশিক্ষণের বিভিন্ন পর্যায়ে এবং কমিশন প্রাপ্তির পর মেধাবী ক্যাডেট এবং অফিসারগণ বিদেশে প্রশিক্ষণ গ্রহণের সুযোগ পাবেন।

খ। **চিকিৎসা**। সামরিক হাসপাতালসমূহে উন্নতমানের চিকিৎসা সুবিধা ও দূরারোগ্য ব্যাধিতে বিধি মোতাবেক বিদেশে সুচিকিৎসার সুযোগ পাবেন।

গ। **সন্তানদের অধ্যয়ন**। নিজ সন্তানদের জন্য সেনাবাহিনীর তত্ত্বাবধানে পরিচালিত স্কুল/কলেজ ও প্রতিষ্ঠানসমূহে যোগ্যতা অনুযায়ী অধ্যয়নের সুযোগ পাবেন।

**বিশেষ নির্দেশনা ঃ**

২৬। সামরিক মৌলিক প্রশিক্ষণের প্রয়োজনে প্রার্থীদেরকে বিএমএ'তে যোগদানের পূর্বে সাঁতার শেখার জন্য উপদেশ দেয়া হলো।

২৭। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের বিএমএ'তে যোগদানের পূর্বে জাতীয় পরিচয়পত্র প্রস্তুত করার জন্য পরামর্শ দেয়া হলো।

২৮। বিএনসিসি/ক্যাডেট কলেজ/এমসিএসকে এর ক্যাডেটদের স্ব স্ব কলেজ/রেজিমেন্টের মাধ্যমে আবেদন করতে হবে।

২৯। নৌ ও বিমান বাহিনী হতে ছাড়পত্র (NOC) গ্রহণকৃত প্রার্থীগণ মূল ছাড়পত্রসহ আবেদনপত্র জমা করতঃ আবেদন পরবর্তী সেনাবাহিনীর চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষায় উপযুক্ততা সাপেক্ষে সেনাবাহিনীতে যোগদানের সুযোগ রয়েছে।

৩০। বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তনের ক্ষমতা সেনাবাহিনী সদর দপ্তর সংরক্ষণ করে।

৩১। চূড়ান্ত নির্বাচন, যোগদান পত্র প্রদান/বাতিলের ক্ষমতা সেনাবাহিনী সদর দপ্তর সংরক্ষণ করে।

অনলাইনে আবেদন করতে ভিজিট করুন
https://join.army.mil.bd

সাপোর্ট নম্বর: +৮৮০১৭১৩১৬১৯৭৯
ই-মেইল: joinarmy.helpdesk@gmail.com

**আবেদনের শেষ তারিখ**
**১৮ অক্টোবর ২০২৫**

পরিচালক
পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর
এ্যাডজুটেন্ট জেনারেল শাখা
সেনাবাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস